100

দৈনিক বাংলা

তারিখ 15-JAN 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

জরাজীর্ণ গৃহ ও উপকরণের অভাব

# ৩২১টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা ব্যাহত

নিজস্ব সংবাদদাতা ঃ কিশোরগঞ্জ, ১৪ জানুয়ারী। — জরাজীর্ণ স্কুল ভবন, আসবাবপত্র, উপকরণ সংকট ইত্যাদির কারণে জেলার ৩শ' ২১টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত (বেসরকারী) প্রাথমিক বিদ্যালয়ে লেখা-পড়া বিঘ্নিত হচ্ছে।

অপরদিকে, নামমাত্র বেতনে এসব বিদ্যালয়ে প্রায় দেড় সহস্রাধিক শিক্ষক দীর্ঘদিন যাবৎ দায়িত্ব পালন করে বর্তমানে পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছে।

জানা গেছে, জেলার ১৩টি থানার মধ্যে কিশোরগঞ্জ-সদর থানায় ৪৪টি, পাকুন্দিয়ায় ৬০টি, করিমগঞ্জে ১৭টি, হোসেনপুরে-৩৪টি, কটিয়াদীতে-২৬টি, কুলিয়ারচরে-১৩টি, বাজিতপুরে-২০টি, মিঠামনে-৫টি, তাড়াইলে-১৩টি ও ইটনায়-১৪টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

রেজিস্ট্রেশনপ্রাপ্ত এমন বিদ্যালয়সমূহের অধিক সংখ্যকেরই ভবন জরাজীর্ণ-সংকীর্ণ। উপরন্তু রয়েছে চেয়ার-টেবিল ও আসবাবপত্র সংকটসহ উপকরণ সংকট।

ফলে, এসব বিদ্যালয়ে অধ্যয়নরত প্রায় ৮০ হাজার ছাত্র-ছাত্রীর প্রাথমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

তাছাড়া, এ ৩ শত ২১টি বিদ্যালয়ে শিক্ষাদানরত দেড় সহস্রাধিক শিক্ষক মাত্র ৫শ' টাকা বেতনে দীর্ঘদিন যাবত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে আসছেন। তন্মধ্যে অনেকেই ইতিমধ্যেই সরকারী চাকরির বয়স হারিয়ে ফেলেছেন।